



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৬১৮

তারিখঃ ১৩/১২/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৬০ তম কমিশন সভা অদ্য ১৩/১২/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশনে কাশেম ড্রাইসেলস লিঃ এর শেয়ার লেনদেনের ক্ষেত্রে সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গের জন্য চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর সদস্য ব্রোকার প্রতিষ্ঠান যথাক্রমে আইল্যান্ড সিকিউরিটিজ লিঃ, সালটা ক্যাপিটাল লিঃ, এসোসিয়েটেড ক্যাপিটাল সিকিউরিটিজ লিঃ, রিলায়েন্স সিকিউরিটিজ কনসালট্যান্ট লিঃ, লংকা বাংলা সিকিউরিটিজ লিঃ-কে ২ লক্ষ টাকা করে জরিমানা আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।
২. কমিশন, এস এম ফারুক, অনুমোদিত প্রতিনিধি, নভেল সিকিউরিটিজ লিঃ, ডিএসই কর্তৃক সিংগার বাংলাদেশ লিঃ এর শেয়ার রেকর্ড ডেটের অব্যবহিত পূর্বে নিজ হিসাবে স্থানান্তর এবং রেকর্ড ডেটের পরে ক্লায়েন্টের হিসাবে শেয়ার প্রদান করে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে তার অনুমোদিত প্রতিনিধির সনদ বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. প্যারামাউন্ট ইস্যুরেন্স লিঃ এবং গ্লোবাল ইস্যুরেন্স লিঃ এর শেয়ার লেনদেনের ক্ষেত্রে সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গের জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর সদস্য ব্রোকার প্রতিষ্ঠান জিএমএফ সিকিউরিটিজ লিঃ-কে ১ লক্ষ টাকা জরিমানা আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. আজকের সভায় কমিশন, পি এইচ পি স্টকস এবং সিকিউরিটিজ লিঃ কর্তৃক ২৩-২৪ মে, ২০১২ইং তারিখে দুইটি ক্লায়েন্ট কোডের বিপরীতে বিভিন্ন সিকিউরিটিজ এর Short Selling করায় ১ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৫. কমিশন অধ্যকার সভায় এবি সিকিউরিটিজ লিঃ, ডিএসই কে বিভিন্ন সিকিউরিটিজ এর Aggressive Sale এ জড়িত থাকার মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গ করায় ১ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৬. কমিশন ইন্টারন্যাশনাল লিজিং সিকিউরিটিজ লিঃ, ডিএসই কে নন-মার্জিনেবল সিকিউরিটিজে ঋণ প্রদান করার মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গ করায় ২ লক্ষ টাকা জরিমানা ধার্য করেছে।
৭. সভায় Appolo Ispat Complex Ltd. এর ১০ টাকা মূল্যমানের ১০ কোটি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ১২ টাকা প্রিয়ামসহ ২২ টাকায় ইস্যু করার প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। কোম্পানীটির ৩০ শে জুন, ২০১২ ইং সময়ের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী যথাক্রমে নীট সম্পদ মূল্য (NAV) ২২.৫৯ টাকা এবং শেয়ার প্রতি আয় ২.৩৬ টাকা। উল্লেখ্য Appolo Ispat Complex Ltd. এর সম্ভাব্য চাঁদা গ্রহণ শুরু হবে আগামী ২০১৩ সালের মার্চ মাসে।
৮. সভায় Rock NRB Balanced Fund নামে একটি মেয়াদী (close-end) মিউচুয়াল ফান্ড এর ট্রাস্ট ডীড এবং ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট এর অনুমোদন প্রদান করা হয়। ট্রাস্ট ডীডটি Registration Act, 1908 এর অধীনে নিবন্ধন হওয়া সাপেক্ষে অলোচ্য মিউচুয়াল ফান্ডের নিবন্ধন প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
৯. কমিশন Rupali Life Insurance First Mutual Fund নামে একটি মেয়াদী (open-end) মিউচুয়াল ফান্ড এর প্রসপেক্টাসে অনুমোদন প্রদান করেছে। মিউচুয়াল ফান্ডটির আকার হচ্ছে ৫০ কোটি টাকা এবং সাধারণ বিনিয়োগকারীদের জন্য ২৫ কোটি টাকা মূল্যমানের ফান্ড বরাদ্দ রাখা হয়েছে। উল্লেখ্য ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা।



মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র